# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

| TN | | | | |
|---|---|---|---|---|

**ছাড়পত্রের অনুমতির আবেদনপত্র**

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

বিষয় ঃ ____________ শিক্ষাবর্ষে ভর্তিকৃত দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর ছাড়পত্রের অনুমতির আবেদন।

মহোদয়,
সবিনয় নিবেদন, আমি বর্তমানে দ্বাদশ শ্রেণীর একজন নিয়মিত শিক্ষার্থী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৪ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

**আমার তথ্যসমূহ:**

১. নাম ঃ ..............................................................................................

২. (ক) পিতার নাম ঃ ..............................................................................................

(খ) মাতার নাম ঃ ..............................................................................................

৩. বর্তমান কলেজের নাম ঃ ..............................................................EIIN | | | | | | |

৪. ভর্তিচ্ছু কলেজের নাম ঃ ..............................................................EIIN | | | | | | |

৫. এসএসসি'র রোল নং ঃ ............................ পাসের সাল ............................ বোর্ড ঃ ............................

৬. কলেজের শ্রেণী রোল নং ঃ ............................ অধ্যয়নরত শাখা ঃ ............................

৭. শিক্ষার্থীর পাঠ্য বিষয়সমূহ ঃ আবশ্যিক ঃ (১) বাংলা (২) ইংরেজী

ঐচ্ছিক ঃ (১) ............................ কোড ঃ .................. (২) ............................ কোড ঃ ..................

(৩) ............................ কোড ঃ .................. (৪) চতুর্থ বিষয় ঃ ...................... কোড ঃ ..................

৮. ছাড়পত্র গ্রহনের কারণ ঃ ..............................................................................................

৯. শিক্ষার্থীর বর্তমান ঠিকানা ঃ ..............................................................................................

১০. জমাকৃত ব্যাংক ড্রাফট নং ঃ ........................ তারিখ ঃ ....................সোনালী ব্যাংক....................................শাখা

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর

---

**বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

আবেদনকারী অত্র কলেজের ................ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণীর একজন নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এ বোর্ডে তার নাম রেজিস্ট্রেশনের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এ কলেজ ব্যতীত এ বোর্ডের বা অন্য কোন বোর্ডের আওতাধীন অন্য কোন কলেজ থেকে তার নাম নিবন্ধনের জন্য বোর্ডে প্রেরণ করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ডের বা অন্য কোন বোর্ডের কোনরুপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট বোর্ডে সংরক্ষিত আছে।

প্রত্যয়িত বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

---

**ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

এ কলেজে ............................ শাখায় ............................ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণীতে বোর্ড কর্তৃক ................. আসন বরাদ্দের বিপরীতে ............ জন অধ্যয়নরত আছে বিধায় ক্রমিক-১ বর্ণিত শিক্ষার্থীকে দ্বাদশ শ্রেণীতে ............ তম শিক্ষার্থী হিসেবে ক্রমিক ৭-এ বর্ণিত বিষয়সহ TC'র জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা :

১। শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে হবে। কোনভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুনভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।

২। অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

৩। শিক্ষাবর্ষের শুরুতে বোর্ড কর্তৃক নির্ধারিত আসন শূন্য থাকা/ হওয়া সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করানো যাবে, তবে ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা কোন ক্রমেই ...................... শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যার ১০% এর অধিক হবে না। ছাড়পত্রের মাধ্যমে কোন ভাবেই আসন সংখ্যার আতিরিক্ত ভর্তি করা যাবে না।

৪। প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিস্ট্রার তৈরি করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তার প্রত্যয়নে রেজিস্টারে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবে।

৫। ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রমাণ্য কাগজপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। বাসস্থান পরিবর্তন সংক্রান্ত কারণে ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক তার এলাকার বসবাসের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

৭। আবেদনপত্রের সাথে একাদশ থেকে দ্বাদশ শ্রেণীতে উত্তীর্নের নম্বরপত্র (Progress Report) জমা দিতে হবে।

৮। ছাড়পত্রের অনুমতি ফি বাবদ ৬০০.০০ (ছয় শত) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় ড্রাফট এর মাধ্যমে বোর্ডের সচিবের অনুকূলে (সচিব, বি আই এস ই ঢাকা) জমা দিতে হবে।

৯। আবেদনপত্র যথঅযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ .......................... হতে ................... তারিখের মধ্যে বোর্ডের কলেজ পরিদর্শকের দপ্তরে পৌছাতে হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক তিন (৩) কর্ম দিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে। উল্লিখিত সময়ের পর ছাড়পত্রের আবেদন পত্রে অধ্যক্ষ স্বাক্ষর করবেন না।

১০। ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ আবেদনপত্রে তখনই সম্মতি প্রদান করবেন যখন শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ তার কলেজে অভিন্ন আছে।

১১। বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির পনের (১৫) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করে বোর্ডকে অবহিত করতে হবে। উল্লেখ্য, ভিন্ন বোর্ড থেকে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ছাড়পত্রের অনুমতি ফি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ প্রয়োজনীয় টাকার ব্যাংক ড্রাফট, পূরণকৃত এসআইএফ এবং সংশ্লিষ্ট বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সহ যথারীতি বোর্ডে জমা দিতে হবে।

১২। সরকারি/আধা সরকারি/স্থায়ীত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজিবী পিতা অথবা মাতার বদলীজনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়া প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কমকর্তা/কর্মচারীর বদলির আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখালে সংশ্লিষ্ট চাকুরিজীবীর সন্তানকে বদলিকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করে নেয়া যাবে। এক্ষেত্রে, কলেজ কর্তৃপক্ষকে এ ধরণের ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ভর্তির ১৫(পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফি সহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

১৩। অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যাংক ড্রাফট সহ আবেদনপত্রটি কলেজশাখায় উপ-কলেজ পরিদর্শক/সহকারী কলেজ পরিদর্শক এর নিকট হতে যাচাই করতে হবে। এ সময় TN ( Tracking Number) প্রদান করা হবে যা অবশ্যই সংরক্ষণ করতে হবে। তারপর আবেদনপত্রটি হিসাব আয় শাখায় জমা দিতে হবে।

১৪। শিক্ষার্থী তার ছাড়পত্রের আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে www.dhakaeducationboard.gov.bd এর College Order - এবং তারপর Transfer Certificate - এ ক্লিক করতে হবে। অতপর প্রদত্ত TN ( Tracking Number) দেখে শিক্ষার্থী তার নিজের আদেশটি Print করে নিবে।

স্বাক্ষরিত

......................................

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ .................... (অফিস)
ইমেইল ঃ ic@dhakaeducationboard.gov.bd